ইত্তেফাক

তারিখ ১১/১২/৮১

পৃষ্ঠা

064

304

# আইন আদালত

## কুমিল্লা বোর্ডের চেয়ারম্যানের উপর রুল জারি

( সুপ্রীমকোর্ট রিপোর্ট )

সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব আবদুর রহমান চৌধুরী ও বিচারপতি জনাব এ,টি.এম. আফজালের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ কুলা-

( ৫ম পৃঃ দ্রঃ )

উড়া গার্লস হাইস্কুলের ম্যানেজিং কমিটির রীট আবেদনক্রমে কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃক শাকিলা বেগম চৌধুরীকে কুলাউড়া গার্লস হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষয়িত্রীর পদে পুনর্বহাল না করা পর্যন্ত বোর্ড কর্তৃক স্কুলের স্বীকৃতি, সরকারী অনুদান ও মাধ্যমিক পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম সাময়িকভাবে স্থগিত রাখা হইবে এইমর্মে যে আদেশ প্রদান করা হইয়াছে কেন উহা অবৈধ ও আইনগত ক্ষমতাবহির্ভূত বলিয়া ঘোষণা করা হইবে না আট সপ্তাহের মধ্যে ইহার কারণ দর্শাইবার জন্য কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ অপর তিনজনের উপর গত ৩০শে নভেম্বর এক রুল জারি করেন। সেই সাথে মাননীয় বিচারপতিদ্বয় রুলের শুনানি সাপেক্ষে উক্ত আদেশের কার্যকারিতা স্থগিত রাখিবার নির্দেশ দিয়াছেন। আবেদনকারীর পক্ষে নিবেদন পেশ করেন এ্যাডভোকেট খন্দকার মাহবুব হোসেন এবং তাঁহাকে সহায়তা করেন এ্যাডভোকেট আফছারুল ইসলাম ও এ্যাডভোকেট শাহ জহুরুল হক প্রমুখ।